বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা' প্রকল্প

"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪৭.৬২.০০০০৯৬১.০০.৪২৩.১৪-১৩৭১ তারিখঃ ০৫/০২/২০১৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(IRESPPW)"** প্রকল্পের **(প্রকল্প বাস্তবায়ন এলাকা খুলনা ও বরিশাল বিভাগ)** অধীনে নিম্নবর্ণিত পদসমূহ সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন এবং বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকগনের নিকট হতে নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন (গ্রেড)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা এবং শর্তাবলী
১	প্রোগ্রামার	১	২৩৯৫০/= (গ্রেড-৭)	**(a)** Master Degree or 4 years Honours Degree in any discipline having at least 4 years experiences as Assistant Programmer. **(b)** Associate Membership of a well reputed Computer Society. **(c)** Have to pass the apptitude test.
২	সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা	৭	১২৩০০/= (গ্রেড-১০)	২য় শ্রেণীর মাস্টার ডিগ্রী অথবা ২য় শ্রেণীর ৪ বছরের সম্মান ডিগ্রী। প্রার্থীকে খুলনা ও বরিশাল বিভাগের উপজেলা ও গ্রাম পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।
৩	হিসাবরক্ষক	৩	১১০৯০/= এবং ১০১৩০/=(গ্রেড-১১)	বানিজ্য বিভাগে স্নাতক । Have to pass the apptitude test
৪	সেলস্ ম্যানেজার	৩	১০১৩০/= (গ্রেড-১১)	স্নাতক পাশ। সেলাই ও এমব্রয়ডারী কাজে পারদর্শী এবং বিক্রয় সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫	কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক	৬	১০১৩০/= (গ্রেড-১১)	কৃষি বিষয়ে ডিপ্লোমা।
৬	হিসাব সহকারী	৫৫	৮৫৫০/= (গ্রেড-১৪)	বানিজ্য বিভাগে স্নাতক । প্রার্থীকে খুলনা ও বরিশাল বিভাগের উপজেলা পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে। Have to pass the apptitude test
৭	ডাটা এন্ট্রি অপারেটর	১	৯৩৫০/= (গ্রেড-১৪)	এইচ.এস.সি. পাশ । কম্পিউটারে (MS Word, MS Excel, Access, Internet browsing etc.) পারদর্শী হতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৮	মাঠ সংগঠক	৬৭	৮৫৫০/= (গ্রেড-১৪)	এইচ.এস.সি. পাশ । প্রার্থীকে খুলনা ও বরিশাল বিভাগের গ্রাম পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে।
৯	বিক্রয় সহকারী	৪	৭৯০০/= (গ্রেড-১৬)	এস.এস.সি. পাশ । সেলাই সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১০	গাড়ীচালক	৩	৮৬০৫/= এবং ৭৯০০/=(গ্রেড-১৬)	অষ্টম শ্রেণী পাশ । বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী, ৩ বছরের গাড়ীচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে বাংলায় নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ০১/০২/২০১৪ইং তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, অভিজ্ঞতা এবং সংযুক্ত ব্যাংক ড্রাফট/পেঅর্ডার নম্বর, তারিখ ও ইস্যুকারী ব্যাংকের নাম ইত্যাদি উল্লেখপূর্বক সাদা কাগজে নিজ স্বাক্ষরযুক্ত আবেদন করতে হবে ।

২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১/০২/২০১৪ ইং তারিখে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/তাদের পোষ্যদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২বছর ।

৩। আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটার সুবিধা নিতে চাইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের খামের উপর প্রার্থিত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৫। **আবেদনপত্রের সাথেঃ** (ক) বয়স প্রমানের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি; (গ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪(চার) কপি সত্যায়িত ছবি; (ঘ) প্রার্থীর স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি; (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্রের মুলকপি; এবং (চ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে । সকল ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম,পদবীসহ সীল ব্যবহার করতে হবে।

৬। আবেদনপত্রের সাথে ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য ৫০০/- টাকা, ক্রমিক নং-২ এ বর্ণিত পদের জন্য ৩০০/- টাকা এবং ক্রমিক নং-৩-১০ এ বর্ণিত পদের জন্য ২০০/- টাকার ব্যাংক ড্রাফট/পেঅর্ডার (অফেরতযোগ্য) **শুধুমাত্র অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে প্রকল্প পরিচালক, "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প"** এর শিরোনামে সংযুক্ত করতে হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধি-বিধান ও সরকারী নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে । তবে প্রকল্প এলাকা খুলনা ও বরিশাল বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৮। চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, তবে মূল আবেদনপত্র নির্ধারিত তারিখ অর্থাৎ **১০/০৩/২০১৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে ।**

৯। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে,এবং আবেদনপত্রে কোনো তথ্য গোপন করা হলে বা ভুল প্রমাণিত হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১০। পরীক্ষার স্থান, তারিখ ও সময় ইন্টারভিউ কার্ড প্রেরণের মাধ্যমে অবহিত করা হবে । লিখিত/ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে)/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না । নিয়োগ সংক্রান্ত সকল তথ্য প্রকল্পের web site- www.iresppw-brdb.gov.bd প্রকাশ করা হবে।

১১। আবেদনকারীকে উপরোল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে **আগামী ১০/০৩/২০১৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প", পল্লী ভবন (৭ম তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫** বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

১২। আবেদনপত্রে যাচিত কোনো তথ্য/ কাগজপত্র সঠিক পাওয়া না গেলে তার আবেদন বাতিল করা হবে এবং কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১৩। নিয়োগকালে প্রকল্পের স্বার্থে বিজ্ঞাপনে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৪। ক্রমিক নং ০৩ ও ১০ এ সাকুল্য বেতন কলামে উল্লিখিত সাকুল্য বেতন ঢাকা মেট্রোপলিটন এলাকা এবং অন্যান্য এলাকার জন্য নির্ধারিত।

১৫। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে এবং সম্পূর্ণ অথবা আংশিক নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

০৫/০২/১৪

(প্রকৌশলী মোঃ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (IRESPPW)

বিআরডিবি, ঢাকা ।